যুগান্তর

2 8 MAR 2003

৭ ১

# সারাদেশে এসএসসি পরীক্ষা শুরু

যুগান্তর ডেস্ক

বৃহস্পতিবার সারাদেশে শুরু হওয়া এসএসসি পরীক্ষার প্রথম দিনে নজিরবিহীন নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়। কেন্দ্রে ঢোকার পথে, শরীর তল্লাশিসহ পরীক্ষার্থীদের দিকে তীক্ষ্ণ দৃষ্টি রাখা হয়। এর ফলে এ বছর এসএসসি পরীক্ষার প্রথম দিনে বহিষ্কারের সংখ্যা নেমে এসেছে আড়াই হাজারে। এ দিন একই সঙ্গে মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা শুরু হয়েছে। এসব পরীক্ষায়ও এবার নকল হয়েছে অনেক কম। গত বছর বহিষ্কারের সংখ্যা ছিল প্রায় পাঁচ হাজার। কিছু কিছু এলাকায় এবার ক'জন হল পরিদর্শককেও বহিষ্কার করা হয়েছে। তবে তুলনামূলকভাবে এবার নকলমুক্ত শান্তিপূর্ণ পরিবেশে এসএসসি পরীক্ষার প্রথম দিন অতিবাহিত হয়েছে। বিস্তারিত খবর পাঠিয়েছেন যুগান্তর প্রতিনিধিরা :

**গৌরীপুর (ময়মনসিংহ) :** উপজেলা সদরে এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হচ্ছে। বৃহস্পতিবার ইংরেজি প্রথমপত্র পরীক্ষায় নকল করার দায়ে তিনজন ও এসএসসি (টেক্সটাইল) পরীক্ষায় চারজনকে বহিষ্কার করা হয়।

স্থানীয় এসএসসি পরীক্ষা কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে, গৌরীপুর উপজেলার ১৪টি মাধ্যমিক স্কুল থেকে ৯৮৩ জন ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করছে। গৌরীপুর সরকারি রাজেন্দ্র কিশোর উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৫১১ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। নকল করার দায়ে এই কেন্দ্র থেকে দুজনকে বহিষ্কার করা হয়। গৌরীপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৪৭২ জন ছাত্রছাত্রী পরীক্ষা দিচ্ছে। নকল করার দায়ে একজনকে বহিষ্কার করা হয়। এছাড়া কারিগরী শিক্ষা বোর্ডের অধীনে গৌরীপুরে এসএসসি (ভোকেশনাল) ও এসএসসি (টেক্সটাইল) ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে দাখিল পরীক্ষাও সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হচ্ছে। নকল করার দায়ে এই কেন্দ্র থেকে চারজনকে বহিষ্কার করা হয়েছে।

**দাউদকান্দি :** বৃহস্পতিবার দাউদকান্দিতে ইংরেজি পরীক্ষার প্রথম দিনে অসদুপায় অবলম্বনের দায়ে ৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

**ফেনী :** ফেনীর ৭টি কেন্দ্র থেকে নকল করার অভিযোগে ৬ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

**টাঙ্গাইল :** এসএসসি পরীক্ষায় টাঙ্গাইলে এবার ভিন্ন চিত্র। কোন কেন্দ্রেই নকল নেই। প্রতি কেন্দ্রে সার্বক্ষণিক ম্যাজিস্ট্রেট ছাড়াও জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক ছাড়াও ভিজিলেন্স টিমকে পরীক্ষা তদারক করতে দেখা যায়। জেলার ১৭টি কেন্দ্রে ২০ হাজার ৮২৭ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে সখীপুর পিএম পাইলট উচ্চ বিদ্যালয়ে মাত্র ১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

**ময়মনসিংহ :** বৃহস্পতিবার ময়মনসিংহে এসএসসি ও দাখিল পরীক্ষা কড়া নিরাপত্তার মধ্যে দিয়ে শুরু হয়েছে। প্রথম দিনে জেলায় এসএসসি ও দাখিল পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৬৩টি কেন্দ্রে মোট ৫৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে এসএসসি পরীক্ষায় ৩৩ জন এবং দাখিল পরীক্ষায় ২৩ জন।

**কুমিল্লা :** কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষায় মোট ১৪৪ জন বহিষ্কৃত হয়েছে। জেলাওয়ারি বহিষ্কৃতদের সংখ্যা কুমিল্লায় ৫৮, নোয়াখালীতে ৬২, ফেনীতে ৫, লক্ষ্মীপুরে ৬, চাঁদপুরে ৩ এবং ব্রাহ্মণবাড়িয়ায় ৮ জন।

**মুন্সীগঞ্জ :** জেলায় সম্পূর্ণ নকলমুক্ত ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা সম্পন্ন হয়েছে। গজারিয়া কেন্দ্রে একজন ছাড়া অন্য কোন কেন্দ্রে পরীক্ষার্থী বহিষ্কার হয়নি।

**কেন্দুয়া (নেত্রকোনা) :** কেন্দুয়া জয়হরি স্প্রাই সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ১ জন, দাখিল মাদ্রাসা কেন্দ্রে ৪ জন ও আওজিয়া উচ্চ বিদ্যালয় কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ২৭ জনসহ ৩২ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

**ব্রাহ্মণবাড়িয়া :** ইংরেজি প্রথমপত্রে জেলায় ৮ জন এবং দাখিল পরীক্ষায় ১৫ জন বহিষ্কার হয়েছে।

**নোয়াখালী :** জেলার ৬টি উপজেলায় পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে এসএসসিতে ৬২ ও দাখিলে ৩৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

**কেরানীগঞ্জ :** এসএসসি পরীক্ষার প্রথম দিনে কোন অঘটন ছাড়াই কেরানীগঞ্জে পরীক্ষা সম্পন্ন হয়েছে। কোন বহিষ্কারের খবর পাওয়া যায়নি। উপজেলার ৩টি কেন্দ্রে মোট ২ হাজার ৬৭০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে জিঞ্জিরা পিএম পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ১ হাজার ১৮৫ জন, কলাতিয়া উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৬৫৫ জন ও বাঘৈরকান্দা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৮৩০ জন পরীক্ষার্থী অংশ নেয়।

**কিশোরগঞ্জ :** এসএসসি ও দাখিল পরীক্ষায় কিশোরগঞ্জে অসদুপায় অবলম্বনের কারণে ৬ জন এসএসসি ও ৭ জন দাখিল পরীক্ষার্থী এবং কর্তব্যে অবহেলার কারণে ৪ জন পরিদর্শককে বহিষ্কার করা হয়।

**নেত্রকোনা :** ঢাকা বোর্ডের সর্বোচ্চসংখ্যক ঝুঁকিপূর্ণ কেন্দ্রের জেলা নেত্রকোনায় এসএসসি পরীক্ষার প্রথম দিনেই ৬২ জনকে নকলের অভিযোগে বহিষ্কার করা হয়। কেন্দুয়া উপজেলার আওজিয়া স্কুল থেকে সর্বোচ্চ ২৭ জনকে বহিষ্কার করা হয়। দাখিল পরীক্ষায় ১৩ জনকে বহিষ্কার করা হয়। কালিয়াজুরী পরীক্ষা কেন্দ্রে জোরপূর্বক হলে প্রবেশের চেষ্টাকালে রুবেল নামে এক সেনা সদস্যকে পুলিশ আটক করে থানায় সোপর্দ করে।

**মির্জাপুর (টাঙ্গাইল) :** চলতি এসএসসি এবং দাখিল পরীক্ষার প্রথম দিন গতকাল বৃহস্পতিবার মির্জাপুরে সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে এসএসসি এবং দাখিল পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। মির্জাপুরে গত কয়েক বছর ধরেই এসএসসিসহ বিভিন্ন পাবলিক পরীক্ষা মোটামুটিভাবে নকলবিহীনভাবে অনুষ্ঠিত হয়ে আসছে। তবে চলতি এসএসসি ও দাখিল পরীক্ষা অতীতের সব রেকর্ড ভঙ্গ করে সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে। নকলের বিরুদ্ধে সরকারের জেহাদ ঘোষণা এবং তা আগেভাগে ব্যাপক প্রচারণার ফলেই এত সুন্দরভাবে সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠান সম্ভব হয়েছে বলে কেন্দ্র সচিব ফজলুর রহমান জানিয়েছেন।

মির্জাপুরে চলতি সালে মোট এসএসসি পরীক্ষার্থী ৩ হাজার ২৫৮ জন। এর মধ্যে ছাত্র ২ হাজার ৪৩ জন এবং ছাত্রী ১ হাজার ৮৫৫ জন। মূল কেন্দ্র পাইলট উচ্চ বিদ্যালয় ছাড়াও মির্জাপুর কলেজ, গার্লস স্কুল এবং ভারতেশ্বরী হোমস এই ৩টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। দাখিল পরীক্ষা কেন্দ্র হচ্ছে আফাজউদ্দিন মাদ্রাসা।

**জামালপুর :** বৃহস্পতিবার জেলায় এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ঝুঁকিপূর্ণ কেন্দ্র হিসেবে ২৩টি কেন্দ্র চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে ৭টি কেন্দ্র জামালপুর জেলায় রয়েছে। এ কারণে পরীক্ষা কেন্দ্রের নিরাপত্তা ব্যবস্থা নিশ্ছিদ্র করা হয়েছে। জেলায় মোট বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ৫৪ জন।

**সেনবাগ :** বৃহস্পতিবার নোয়াখালীর সেনবাগ উপজেলায় প্রতিটি কেন্দ্রে এক অন্যরকম দৃশ্য লক্ষ্য করা গেছে। পরীক্ষা হয়েছে নকলমুক্ত পরিবেশে। মাত্র ৪ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে।

**লাকসাম :** বৃহস্পতিবার লাকসামে কুমিল্লা বোর্ডের অধীনে এসএসসি ও দাখিল পরীক্ষা শান্তিপূর্ণ ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। বিগত কয়েক বছরের পরীক্ষার দৃশ্যপট পাল্টে দিয়েছে এবারের পরীক্ষা। মাত্র কয়েকজন পুলিশ ও আনসারের নিরাপত্তার মধ্য দিয়ে প্রতিটি কেন্দ্রে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়। নকলের দায়ে ২ জন ছাত্র বহিষ্কার হয়েছে।